



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhafc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র জোনাল ও রিজিওনাল ম্যানেজারদের ব্যবসায়িক পর্যালোচনা সভা-২০১৬ অনুষ্ঠিত



৫ মে ২০১৬ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর প্রশিক্ষণ কেন্দ্রে জোনাল ও রিজিওনাল ম্যানেজারদের ব্যবসায়িক পর্যালোচনা সভা-২০১৬ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক মো. আমিন উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. দৌলতুল্লাহর খানম। এছাড়া কর্পোরেশনের বিভিন্ন বিভাগ ও উপ-বিভাগীয় প্রধানগণ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দিনব্যাপী অনুষ্ঠিত উক্ত সভায় কর্পোরেশনের ১৪টি জোনাল ও ১৫টি রিজিওনাল অফিসের অফিস প্রধানগণ অংশগ্রহণ করেন। এ অনুষ্ঠানে ২০১৫-২০১৬ অর্থবছরে কর্পোরেশনের ঋণ আদায়, ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, উচ্চ এবং নিম্ন আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তিকরণ, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে আলোচনা করা হয়। পর্ষদ চেয়ারম্যান চলতি অর্থবছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকল জোনাল ও রিজিওনাল ম্যানেজারদের দিক নির্দেশনা দেন এবং কর্পোরেশনের সম্পদ বৃদ্ধি ও তা সংরক্ষণে প্রত্যেক কর্মকর্তাকে সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করেন।